

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪৫৮

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ৩. দ্বিতীয় অনুচ্ছেদ - চুল আঁচড়ানো

আরবী

وَعَنْ عَمْرِو بْنِ شُعَيْبٍ عَنْ أَبِيهِ عَنْ جَدِّهِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَا تَنْتِفُوا الشَّيْبَ فَإِنَّهُ نُورُ الْمُسْلِمِ مَنْ شَابَ شَيْبَةً فِي الْإِسْلَامِ كَتَبَ اللَّهُ لَهُ بِهَا حَسَنَةً وَكَفَّرَ عَنْهُ بِهَا خَطِيئَةً وَرَفَعَهُ بِهَا دَرَجَةً» . رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

88৫৮-[80] 'আমর ইবনু শু'আয়ব (রহঃ) তাঁর পিতা থেকে, তিনি তাঁর দাদা হতে বর্ণনা করেন। রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমরা সাদা চুলগুলো উপড়িয়ে ফেলো না। কেননা এটা মুসলিমদের জন্য নূর। বস্তুতঃ ইসলামের মধ্যে থাকা অবস্থায় যে ব্যক্তির একটি পশম সাদা হবে, এটার ওয়াসীলায় আল্লাহ তা'আলা তার জন্য একটি নেকি লিপিবদ্ধ করবেন এবং তার একটি গুনাহ মুছে ফেলবেন এবং তার একটি দরজা বুলন্দ করবেন। (আবু দাউদ)[1]

ফুটনোট

[1] হাসান সহীহ: আবূ দাউদ ৪২০২, ইবনু মাজাহ ৩৭২১, সহীহুল জামি' ৭৪৬৩, সিলসিলাতুস্ সহীহাহ্ ১২৪৩, মুসান্নাফ 'আবদুর রায্যাক ২০১৮৬, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২০৯১, আহমাদ ৬৬৭২, সহীহ ইবনু হিবরান ২৯৮৫, শু'আবুল ঈমান ৬৩৮৬, আল মু'জামুল আওসাত্ব ৯৩২৬, আস্ সুনানুল কুবরা লিল বায়হাকী ১৫২২৫।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (الشَيْبُو الشَيْبُ પ્ર)শুন্ততা উপড়ে ফেলো না অর্থাৎ কোন চুল সাদা হলে তা উপড়ে তুলে ফেলো না। চুল সাদা হওয়ার ফাযীলাত হলো, একটি চুল সাদা হলে একটি নেকী লেখা হয়, একটি গুনাহ মাফ করা হয় এবং একটি মর্যাদা বৃদ্ধি করা হয়। এই হলো চুল শুন্ত হওয়ার ফাযীলাত। সাদা চুল উপড়িয়ে এই ফাযীলাত থেকে বঞ্চিত হতে নিষেধ করেন নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম। তবে দীনী অন্য কল্যাণের স্বার্থে তার সাদা রঙকে



কালো রং ছাড়া অন্য রঙ দিয়ে রঞ্জক করা নিষেধ নয় বরং ভালো। এতে দুশমনের কাছে মুসলিমদের শক্তি প্রকাশ পায়। ইবনু 'আরাবী বলেনঃ সাদা চুল উপড়ানো নিষেধ, কিন্তু তার খিযাব নিষেধ নয়; কেননা উপড়ানোর মাঝে সৃষ্টি কাঠামোকে তার মূল থেকে তুলে ফেলা হচ্ছে, কিন্তু খিযাবের বেলায় এমন নয়।

মুন্যিরী (রহিমাহুল্লাহ) বলেনঃ হাদীসটি তিরমিয়ী, নাসায়ী, ইবনু মাজাহ বর্ণনা করেন এবং ইমাম তিরমিয়ী (রহিমাহুল্লাহ) বলেন, হাদীসটি হাসান। এছাড়া ইমাম মুসলিম তাঁর সহীহ গ্রন্থে কতাদাহ্-এর সূত্রে আনাস ইবনু মালিক থেকে বর্ণনা করেন, তিনি বলেনঃ আমরা অপছন্দ করতাম যে, কোন ব্যক্তি তার মাথা বা দাড়ি থেকে শুভ্র চুলটি তুলে ফেলে। ('আওনুল মা'বূদ ৭ম খন্ড, হাঃ ৪১৯৮)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আমর ইবনু শু'আয়ব (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন